দৈনিক বাংলা।
তারিখ 08 DEC 1990
পৃষ্ঠা ৫ কলাম ৪

# আজ ছাত্র ঐক্যের বিজয় উৎসব

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গণতান্ত্রিক আন্দোলনের বিজয় উপলক্ষে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে আজ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিজয় উৎসব পালিত হবে।

বিজয় উৎসবকে সাফল্যমণ্ডিত করে তোলার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

58

## বিজয় উৎসব

(প্রথম পৃঃ পর)

কর্তৃপক্ষ, শিক্ষক সমিতি এবং বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন সর্বদলীয় ছাত্র ঐক্যের সঙ্গে সহযোগিতা করবে।

মূল উৎসব অনুষ্ঠিত হবে টিএসসি চত্বরে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সকাল দশটায় অপরাজেয় বাংলায় সমাবেশ শেষে মিছিল সহকারে উৎসবে যোগ দেবে। টিএসসি চত্বরে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি এ উপলক্ষে টিএসসিতে গণতান্ত্রিক আন্দোলনের উপর বিভিন্ন পত্রপত্রিকার রিপোর্ট ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। প্রদর্শনী সারাদিন খোলা থাকবে।